



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২
www.dgda.gov.bd

স্মারক নং-ডিজিডিএ/২৯-০২/০৯/ ৪২৪

তারিখ: ৩১/০৫/২০২০খ্রিঃ

বরাবর

ব্যবস্থাপনা পরিচালক

মেসার্স.....

.....

.....

বিষয়ঃ ঔষধের অননুমোদিত বিজ্ঞাপন প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে ইদানিং বিভিন্ন ব্যক্তি/সংস্থা কর্তৃক লাইসেন্সিং কর্তৃপক্ষ (ড্রাগস্) এর পূর্বানুমোদন গ্রহন ব্যতিরেকে বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়া এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক, টুইটার, মেসেঞ্জার) করোনা ভাইরাস জনিত (কোভিড-১৯) রোগের ব্যবহার্যে চিকিৎসা সংক্রান্ত দাবী সংবলিত ঔষধের বিজ্ঞাপন কৌশলে প্রচার করা হচ্ছে; যা ঔষধ নিয়ন্ত্রণ অধ্যাদেশ ১৯৮২ এর ১৪ ধারার লঙ্ঘন এবং ঔষধ নিয়ন্ত্রণ অধ্যাদেশ ১৯৮২ এর ২১ ধারা (সংশোধিত) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, লাইসেন্সিং কর্তৃপক্ষ (ড্রাগস্) এর পূর্বানুমোদন ব্যতিরেকে বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়া এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক, টুইটার, মেসেঞ্জার) ঔষধের বিজ্ঞাপন প্রচার করা থেকে বিরত থাকার জন্য আপনাদেরকে অনুরোধ করা হল।

মেজর জেনারেল মোঃ মাহবুবুর রহমান *

মহাপরিচালক

ঔষধ প্রশাসন অধিদপ্তর

এবং

লাইসেন্সিং অথরিটি (ড্রাগস্)

ফোনঃ-৯৮৮০৮০৩

E-mail: dgda.gov@gmail.com

তারিখ: ৩১/০৫/২০২০খ্রিঃ

স্মারক নং-ডিজিডিএ/২৯-০২/০৯/ ৪২৪

অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, ঔষধ প্রশাসন অণুবিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। কোভিড-১৯ মনিটরিং সেল, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৫। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি (বাপী), তেজগাঁও, ঢাকা।

মহাপরিচালক

ঔষধ প্রশাসন অধিদপ্তর

31 MAY 2020